**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১০ মে ২০১৬, ২৭ বৈশাখ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকার দুই সিটিতে ঢুকছে ১৬ ইউনিয়ন, চট্টগ্রামে নতুন উপজেলা কর্ণফুলী
: প্রধানমন্ত্রীর সঙ্গে নিকারের বৈঠকের সিদ্ধান্ত

২। সংক্রামক রোগ প্রতিরোধ আইন মন্ত্রিসভায় অনুমোদন

৩। নিয়ম মেনেই মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত
মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকর করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। এসএসসি পরীক্ষার ফল প্রকাশ আগামীকাল
: এইচএসসিতে ভর্তি কার্যক্রম ২৬ মে থেকে শুরু

৫। গাজীপুর-এয়ারপোর্ট আরবান ট্রান্সপোর্ট প্রজেক্টের কাজ শেষ হবে আগামী বছর
: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত মতিউর রহমান নিজামীর ফাঁসি যে কোনো সময় কার্যকর

৭। তামাকের ওপর কর বাড়ানোর চিন্তা করছে সরকার : অর্থ প্রতিমন্ত্রী

৮। বাংলাদেশ থেকে কার্গো বিমান চলাচলে নিষেধাজ্ঞা শিথিল করল অস্ট্রেলিয়া

৯। সামুদ্রিক অর্থনীতিতে সহযোগিতা জোরদারে ভারতের সঙ্গে বৈঠক

১০। হজের নিবন্ধন কার্যক্রম আজ থেকে শুরু

চলমান পাতা/২

**১। ঢাকার দুই সিটিতে ঢুকছে ১৬ ইউনিয়ন, চট্টগ্রামে নতুন উপজেলা কর্ণফুলী**
**: প্রধানমন্ত্রীর সঙ্গে নিকারের বৈঠকে সিদ্ধান্ত**

ঢাকা মহানগরীর এলাকা সম্প্রসারিত হচ্ছে। বিদ্যমান আয়তন বেড়ে দ্বিগুন হবে। দুই সিটি করপোরেশনের সঙ্গে যুক্ত হচ্ছে আরো ১৬টি ইউনিয়ন যার আয়তন ১৭৮.৭৫ বর্গকিলোমিটার। এ ছাড়া চট্টগ্রামের পটিয়া ভেঙে নতুন উপজেলা হচ্ছে কর্ণফুলী। এটি হবে দেশের ৪৯০তম উপজেলা। গতকাল ৯ মে সোমবার প্রশাসনিক পুনর্বিন্যাস-সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটিতে (নিকার) এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদন করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সচিবালয়ে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)। **নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। সংক্রামক রোগ প্রতিরোধ আইন মন্ত্রিসভায় অনুমোদন**

মন্ত্রিসভায় 'সংক্রামক রোগ প্রতিরোধ নিয়ন্ত্রণ ও নির্মূল আইন ২০১৬' এর খসড়া নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। সংক্রামক রোগ প্রতিরোধ ও নির্মূলের মাধ্যমে জনস্বাস্থ্যের প্রতি ঝুঁকি জরুরি অবস্থা মোকাবিলার জন্য আইনটি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৯ মে সোমবার বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** ( শেষ পৃ.,ক.৬)।

**৩। নিয়ম মেনেই মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত**
**মতিউর রহমান নিজামীর ফাঁসি কার্যকর করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সিদ্ধান্ত চূড়ান্ত না হলেও মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত মতিউর রহমান নিজামীর মৃত্যুদণ্ড কার্যকরের প্রস্তুতি কারা কর্তৃপক্ষের রয়েছে। রিভিউ খারিজের আদালতের পূর্ণাঙ্গ রায় প্রকাশের পর নিয়ম অনুযায়ী দণ্ড কার্যকরের প্রক্রিয়া সম্পন্ন হবে। গতকাল ৯ মে সোমবার জাতীয় প্রেসক্লাবে পরমাণুবিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক স্মরণসভা শেষে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৪। এসএসসি পরীক্ষার ফল প্রকাশ আগামীকাল : এইচএসসিতে ভর্তি কার্যক্রম ২৬ মে থেকে শুরু**

আগামীকাল প্রকাশ করা হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল। সকালে প্রধানমন্ত্রীর কাছে কপি হস্তান্তরের পর দুপুর ১টায় সচিবালয়ে সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে সারা দেশের ফল প্রকাশ করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গত বছরের মতো এবারও দেশের কলেজগুলোতে অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম চলবে। ২৬ মে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু হবে। ওইদিন থেকে ৯ জুন পর্যন্ত অনলাইন ও এসএমএসে আবেদন নেওয়া হবে। ১৮ জুন থেকে ১৩ দিন ধরে কলেজে ভর্তি হওয়া যাবে। ক্লাস শুরু হবে ১০ জুলাই। গতকাল ৯ মে সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে ভর্তি সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। যাতে কোনো জটিলতা সৃষ্টি না হয় সেজন্য শিক্ষার্থীরা সর্বোচ্চ ১০টি কলেজ পছন্দক্রমে দিতে পারবে। গত বছর এ সংখ্যা ছিল ৫ টি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪) ।

**৫। গাজীপুর-এয়ারপোর্ট আরবান ট্রান্সপোর্ট প্রজেক্টের কাজ শেষ হবে আগামী বছর**
**: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, গাজীপুর-এয়ারপোর্ট পর্যন্ত গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্টের কাজ শুরু হয়েছে। আগামী ২০১৭ সালের আগস্টের মধ্যে এ নির্মাণ কাজ শেষ হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শীঘ্রই এ প্রকল্পের ফিজিক্যাল কনস্ট্রাকশন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এ প্রকল্পের বাস্তবায়ন হলে গাজীপুর থেকে এয়ারপোর্ট পর্যন্ত বিআরটি রোড চালু হবে। এ রোডে একসঙ্গে তিনটি বাস যুক্ত করে তৈরি বাস চলাচল করবে। এতে বিআরটি'র ওই যানে চড়ে প্রতিঘন্টায় উভয় দিকে

২৫ হাজার যাত্রী গাজীপুর থেকে এয়ারপোর্ট পর্যন্ত যাতায়াত করতে পারবে। মন্ত্রী গতকাল ৯ মে সোমবার গাজীপুর সিটি করপোরেশনের নলজানীর বিটিসিএল এলাকায় বিআরটি যানবাহনের ডিপো'র নির্মাণ কাজ পরিদর্শন করতে গিয়ে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.৫,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।



**৬। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত মতিউর রহমান নিজামীর ফাঁসি যে কোনো সময় কার্যকর**

একাত্তরে মানবতাবিরোধী অপরাধে জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর ফাঁসির দণ্ড কার্যকর করার জন্য প্রস্তুত করা হয়েছে কেন্দ্রীয় কারাগারের ফাঁসির মঞ্চ। এর আগে চার যুদ্ধাপরাধীর যেভাবে ফাঁসি কার্যকর করা হয়েছে তার আদলে এখন চলছে প্রস্তুতি। কারাগারের চারপাশে কড়া নিরাপত্তা বলয় গড়ে তোলা হয়েছে। যে কোনো সময় তার ফাঁসি কার্যকর হতে পারে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ, ভোরের কাগজ, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। তামাকের ওপর কর বাড়ানোর চিন্তা করছে সরকার : অর্থ প্রতিমন্ত্রী**

অর্থ প্রতিমন্ত্রী এম এ মান্নান বলেন, আগামী বাজেটে তামাকের ওপর কর বাড়ানোর জন্য সরকার গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী আগামী ২০৪০ সাল নাগাদ বাংলাদেশকে তামাকমুক্ত করার লক্ষ্যে বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। এরই মধ্যে অর্থমন্ত্রী বর্তমান টোব্যাকো-ট্যাক্স সিস্টেম পুরোপুরি বদলানো এবং স্লাব নির্ভর কর ব্যবস্থা আর না রাখার জন্য এনবিআরকে নির্দেশনা দিয়েছেন। তামাক নিয়ন্ত্রণে সরকারের সদিচ্ছা রয়েছে। গতকাল ৯ মে সোমবার 'বাজেট ২০১৬-১৭: কেমন তামাক-কর চাই' শীর্ষক গোলটেবিল আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১২,ক.৮), **সংবাদ** ( শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৮। বাংলাদেশ থেকে কার্গো বিমান চলাচলে নিষেধাজ্ঞা শিথিল করল অস্ট্রেলিয়া**

প্রায় ৬ মাস পর বাংলাদেশ থেকে কার্গো বিমান চলাচলে নিষেধাজ্ঞা 'শিথিল' করেছে অস্ট্রেলিয়া। হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো নিরাপত্তা ব্যবস্থার উন্নতি হওয়ায় গত ৫ মে অস্ট্রেলিয়ান হাইকমিশন চিঠি দিয়ে মন্ত্রণালয়কে এ বিষয়টি নিশ্চিত করেছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। সচিবালয়ে গতকাল ৯ মে সোমবার এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। এর ফলে বাংলাদেশ থেকে পণ্য নিয়ে অস্ট্রেলিয়ায় কার্গো বিমান চলাচলের দ্বার আবারো উন্মুক্ত হলো। একই ইস্যুতে যুক্তরাজ্য কার্গো বিমান চলাচলের নিষেধাজ্ঞাও কিছুদিনের মধ্যে প্রত্যাহার করা হবে বলে আশা প্রকাশ করেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** ( শেষ পৃ.,ক.৩)।

**৯। সামুদ্রিক অর্থনীতিতে সহযোগিতা জোরদারে ভারতের সঙ্গে বৈঠক**

ভারতের সঙ্গে সহযোগিতার মাধ্যমে সামুদ্রিক সম্পদ আহরণ ও ব্যবহারে সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে সমুদ্রে অর্থনীতিবিষয়ক যৌথ কারিগরি কমিটির প্রথম বৈঠক গতকাল ৯ মে সোমবার ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ওই বৈঠকে বাংলাদেশের পক্ষে মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়াল অ্যাডমিরাল (অব.) মো. খুরশেদ আলম এবং ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (পশ্চিম) সুজাতা মেহতা সে দেশের প্রতিনিধিদের নেতৃত্বে দেন। প্রশিক্ষণ ও সক্ষমতা তৈরি, যৌথ গবেষণা, পারস্পরিক স্বার্থে তথ্য আদান-প্রদানসহ নানা বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৫)।

**১০। হজের নিবন্ধন কার্যক্রম আজ থেকে শুরু**

হজের নিবন্ধন কার্যক্রম আজ থেকে শুরু হচ্ছে, চলবে আগামী ২৬ মে পর্যন্ত। বেসরকারি হজ যাত্রীদের

হজ প্যাকেজের এক লাখ ৫৫ হাজার ৪৪১ টাকা নির্ধারণ করা হয়েছে। এর সঙ্গে থাকা খাওয়া ও বাড়িভাড়া যোগ করে এজেন্টরা প্যাকেজ ঠিক করবে। এজেন্সিগুলোর ব্যাংকের মাধ্যমে বিজনেস অটোমেশনের প্রস্তুত করা পেমেন্ট ভাউচারে সোনালী ব্যাংকে নির্ধারিত হিসাবে জমা দিতে হবে। ব্যাংকে টাকা পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়ার পরই হজযাত্রীদের পিলগ্রিম আইডি দেওয়া হবে। গতকাল ৯ মে সোমবার ধর্ম মন্ত্রণালয়ের হজ শাখার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নেয়াব) সংবাদ শিল্পে ব্যবহৃত আমদানি করা নিউজপেপারের ওপর ৫ শতাংশ আমদানি শুল্ক মওকুফ এবং আমদানি পর্যায়ে এর ওপর আরোপিত ১৫ শতাংশ মূল্য সংযোজন কর (মূসক) থেকে অব্যাহতি দেওয়ার যে দাবি জানিয়েছেন তা বিবেচনার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** বাংলাদেশের নাগরিকদের মধ্যে বিদেশে গিয়ে চিকিৎসাসেবা নেওয়ার প্রবণতা দিন দিন বাড়ায় উদ্বেগ প্রকাশ করে দেশে মানসম্মত চিকিৎসার সুযোগ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ, ভোরের কাগজ, ডেইলি স্টার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রামে চারটি ব্রিগেড ছাড়া বাকি সব ব্রিগেড পর্যায়ক্রমে সরিয়ে নেওয়ার যে ঘোষণা দিয়েছেন তাকে স্বাগত জানিয়ে পাহাড়ে শান্তি স্থিতিশীল করার জন্য এ কাজ অত্যন্ত জরুরি বলে মত প্রকাশ।

ঘ. **ইনকিলাব :** জনশক্তি রফতানির এখন নাজুক অবস্থা বিরাজ করছে উল্লেখ করে তা দূর করতে সব দেশের সঙ্গে সরকারকে রাজনৈতিক ও কূটনৈতিক সম্পর্ক বৃদ্ধি করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ভোক্তাদের অধিকার নিশ্চিত করতে ভোক্তা অধিকার আইন যথাযথভাবে কার্যকর করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ নেশন, নিউ এজ :** পেট্রোল ও অকটেনের মতো জ্বালানি তেলে ভেজালের অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে গণমাধ্যমকে জনস্বার্থে কাজ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আমরা চাই স্বপ্নের সুন্দর বাসযোগ্য শহর'** শিরোনামের নিবন্ধে রেজাউল করিম খোকন রাজধানীকে স্বপ্নের মত সুন্দর, বাসযোগ্য ও আরামদায়ক করতে প্রত্যেক নগরবাসীর নিজস্ব কিছু দায়িত্ব রয়েছে যা যথাযথভাবে সবাইকে পালন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা